



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৩.০৩.০০১.১৫.০৩

তারিখঃ ৩০/০১/২০১৭ ইং


## প্রেস রিলিজ

### চট্টগ্রামে “অবৈধ ভিওআইপি” স্থাপনায় বিটিআরসি’র অভিযান।

ঢাকা, জানুয়ারী ৩০, ২০১৭।

চট্টগ্রামের হালিশহর থানাধীন গোল্ডেন আবাসিক এলাকার একটি ফ্ল্যাটে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও র‍্যাব-০৭ যৌথ অভিযানে অতি সম্প্রতি (২৭ জানুয়ারি ২০১৭) বিভিন্ন মোবাইল অপারেটরের ৬৭১টি সিম ও ৪ লক্ষ ৫০ হাজার টাকার অবৈধ ভিওআইপি সরঞ্জামসহ ০২ ব্যক্তিকে হেফতার করা হয়েছে।

অভিযানে মোবাইল অপারেটর টেলিটকের- ৪৯১টি, গ্রামীণফোনের ১০৮টি, বাংলালিংকের- ৩৫টি, এয়ারটেলের- ২০টি ও রবির-১৭টি সিম জব্দ করা হয়। এছাড়া, ৬৪ (চৌষট্টি) সিম স্লট/পোর্ট বিশিষ্ট ০১টি ও ৩২ (বত্রিশ) সিম স্লট/পোর্ট বিশিষ্ট ০১টি কালো রংয়ের সিমবক্স ডিভাইস, ০৩টি রাউটার, ০২টি ল্যাপটপ, ০২টি মিডিয়া কনভার্টারসহ অবৈধ ভিওআইপি মালামাল জব্দ করা হয়েছে। এ বিষয়ে চট্টগ্রামের হালিশহর থানায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইনের ধারা-৩৫(২)/ ৫৫(৭) অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে, মামলা নং- ৩৩, তারিখ- ২৮/০১/২০১৭ ইং।

  
(মোঃ সরওয়ার আলম) ৩০/১/১৭  
সচিব ও মুখপাত্র  
বিটিআরসি

প্রাপক,

মাননীয় সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।